Df
6314

873

W.B.P. Form No.27

# FIRST INFORMATION REPORT

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Med. Sub-Divn. Tamluk P.S. Panskura Year 2017 FIR No. 366/17 Date 14/7/17
2. (i) Act IPC Sections 447/448/324/325/427/380/354/506/34 (ii) Act ...... Sections ......
   (iii) Act ...... Sections ...... (vi) Other Acts & Sections ......
3. (a) General Diary Reference : Entry No. 660 Time at 10-15 h
   (b) Occurrence of Offence : Day 18/6/17 and 9/7/17 Time at 07-00 h and 18-30 h
   (c) Information received Date ...... Time at 10-15 h
   G. D. No. 660 at the Police Station :
4. Type of Information. Written/~~Oral~~
5. Place of Occurrence (a) Direction and Distance from P.S. 6 Kms West
   (a) Address vill - Rajhati, P.S. Panskura, JL No - 135, Anchal no. VI Block - I
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ......
   District ......
6. Complaint/Information :
   (a) Name Rehana Bibi
   (b) ~~Father's~~/Husband's Name Jana Alam
   (c) Date/Year of Birth ......
   (d) Nationality Indian
   (e) Address vill - Rajhati P.S. Panskura, Dist - Purba Medinipur
7. Details Known/~~Suspected~~/Unknown/Accused with full particulars (1) Sane Alam Khan S/o Hossain Khan (Attach separate sheet, if necessary) (2) Sabina Bibi W/o Sane Alam Khan Both of Rajhati PS Panskura (3) SK. Sadem S/o Allajuddin
8. Reasons for daily in reporting by the Complaint/Informant: (4) SK. Aslam S/o SK. Sadem (5) SK. Mahalam S/o SK. Sadem (6) Saleha Bibi W/o SK. Sadem (7) Sultana Bibi W/o SK. Mahalam
9. Particular of properties stolen/involved : (Attach separate sheet, if required) (8) Khateja Bibi W/o SK Allajuddin all of Nayabasan all P.S. Panskura Dist - Purba Medinipur
10. Total value of Properties stolen/Involved : ......
11. Inquest report/U.D : Case No., If any : ......
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint of the complaint which is treated as FIR is enclosed below
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 447/448/324/325/427/380/354/506/34 IPC

register the case and took up the ~~investigation~~/directed PSI - Qamar Haseed to take up the investigation

transfered to P. S. ...... on point of jurisdiction. FIR read over to the Complaint/Informant. admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

রেহেনা বিবি

Signature/Thumb Impression of the Complainant/Informant

Signature of the Office-in-charge, Police Station with
Name : Madan Mohan Ray
Rank : OC Panskura PS.
Number, if any : 14/7/17

To,

**The Officer -in-charge Panskura P.S.**

**Panskura, Purba Medinipur.**

মহাশয়,

অধীনা দরখাস্তকারিনী রেহানা বিবি, স্বামী - জানে আলাম খাঁ, সাং -রাজহাটি, পোঃ- হাউর, থানা -পাঁশকুড়া, জেলা -পূর্ব মেদিনীপুর এর স্থায়ী বাসিন্দা হইতেছি।

অধীনার বিনীত নিবেদন এই যে, নিম্ন অভিযুক্ত ব্যক্তিগন আমার জ্ঞাতি হইতেছে। জ্ঞাতি হইলেও উহারা অত্যন্ত বদমেজাজী, গুন্ডা শ্রেনীর, হিংসা পরায়ন, পরসম্পত্তি লোভী ব্যক্তিগন হইতেছে। উক্ত ব্যক্তিদের সহিত আমার পরিবারের ভূসম্পত্তি বিষয়ক মনোমালিন্য রহিয়াছে। উক্ত মনোমালিন্যকে কেন্দ্র করিয়া অভিযুক্ত ব্যক্তিগন গত ইংরাজী ১৮.০৬.২০১৭ তারিখ, সময় সকাল ০৭ টা নাগাদ একই উদ্দেশে হাতে বিভিন্ন অস্ত্রাদি লইয়া অবৈধ জনতা সৃষ্টি করতঃ আমার বাড়ীর উঠানে আসিয়া আমার পরিবারের উদ্দেশ্যে অশ্লীল ভাষায় গালমন্দ করিতে থাকে। উক্ত সময় আমার স্বামী জানে আলাম খাঁ প্রতিবাদ করিলে সমূহ আসামীগন আমার স্বামীকে ঘিরিয়া হত্যা করিবার উদ্দেশ্যে ধারালো ছোরা দ্বারা গলায় আঘাত করিতে গেলে আমার স্বামী তাহার হাত দ্বারা উক্ত আঘাত প্রতিরোধ করিলে তাহার দুইটি হাত কাটিয়া রক্তাক্ত, জখম হয়। তাহার আর্তচিৎকারে আমার শাশুড়ী মাতা জরিনা বিবি আমার স্বামীকে উদ্ধার করিতে গেলে সমূহ আসামীগন তাহাকে ঘিরিয়া যে যাহার মোত এলোপাথিাড়ীভাবে কিল, চড়, ঘুষি, লাথি মারে এবং ১নং অভিযুক্ত ব্যক্তি তাহার হাতে থাকা কাঠের বাটাম দিয়া আমার শাশুড়ী মাতার মাথাতে আঘাত করে। ফলে আমার শাশুড়ী মাতা সঙ্গে সঙ্গে অজ্ঞান হইয়া যায়। উক্ত সময় অভিযুক্ত ব্যক্তিগন আমার শাশুড়ীর গলার হার ছিনাইয়া লয়। প্রতিবেশীদের হস্তক্ষেপে আমার স্বামী ও শাশুড়ী উক্ত আসামীদের হাত হইতে প্রানে রক্ষা পায়। উক্ত ঘটনার বিষয় প্রতিবেশীদের সহায়তায় পাঁশকুড়া থানায় জানাইয়াছি এবং আমার স্বামী ও শাশুড়ীকে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হসপিটালে চিকিৎসা করানো হয়।

ঘটনার বিষয় থানায় জানানোর অপরাধে গত ইংরাজী ০৯.০৭.২০১৭ তারিখ সন্ধ্যা ৬.৩০ মিনিট নাগাদ সমূহ অভিযুক্তব্যক্তিগন পুনরায় অধীনের বসতগৃহে জোরপূর্ব্বক প্রবেশ করিয়া অধীনের গৃহে থাকা পিতল থালা, বাসন, টেবিল, চেয়ার ভাঙ্গচুর করে ও আলমারিতে থাকা প্রায় ১৫,০০০ (পনের হাজার) টাকা ও দরকারী কাগজপত্রাদি বাহির করিয়া অপহরন ও আত্মসাৎ করে এবং অধীনা উক্ত ঘটনাতে প্রতিবাদ করিলে অভিযুক্ত ব্যক্তিগন অধীনাকে যে যাহার মতো কিল, চড়, লাথি ও ঘুসি মারে এবং অধীনাকে প্রানে মারিবার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া ৪ নং অভিযুক্ত ব্যক্তি অধীনার পরনের শাড়ি, ব্লাউজ ছিঁড়িয়া অধীনার শ্রীলতা হানি করে এবং ৫নং অভিযুক্ত ব্যক্তি অধিনাকে শ্বাস রোধ করিয়া প্রানে মারার চেষ্টা করে। অধীনা অন্তসত্বা জানা স্বত্বেও ৬ নং অভিযুক্ত ব্যক্তি অধীনার তলপেটে স্বজোরে লাথি মারে। অধীনার চিৎকারে অধীনার স্বামী, শাশুড়ী সহ প্রতিবেশীরা উপস্থিত হইয়া অধীনাকে অভিযুক্ত ব্যক্তিগনের হাত হইতে উদ্ধার করতঃ পাঁশকুড়া সুপার স্পেশালিটি হসপিটালের এমার্জেন্সি ওয়ার্ডে ভর্তি করে। ডাক্তার বাবু অধীনার আগত সন্তানের সুস্থ কামনায় অধীনার সি.টি. স্ক্যান ও ইউ. এস.জি. করানোর পরামর্শ দেন। স্থানীয় ভাবে

মীমাংসার চেষ্টা হওয়ায় এবং অধীনা অসুস্থ থাকায় ঘটনার বিষয় আপনার থানায় জানাইতে কালবিলম্ব হইল।

এমতাবস্থায় অধীনা দরখাস্তকারিনীর বিনীত নিবেদন এই যে, উপরোক্ত ঘটনার বিষয়ে সরজমিন তদন্ত পূর্ব্বক অভিযুক্ত গনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিয়া বাধিত করিবেন। অত্র সহ এম. সি.র কপি দাখিল করিয়াছে।

তাং - ১৪/৭/১৭

নিবেদন ইতি

রেহানা বিবি

Mob - 9800/95/41

আসামীগনের নাম ও ঠিকানা ঃ-

১। সানে আলম খাঁন, পিতা -হোসেন খাঁন
২। সাবিনা বিবি, স্বামী -সানে আলম খাঁন
উভয়ের সাং -রাজহাটি, পোঃ- হাউর
থানা -পাঁশকুড়া, জেলা -পূর্ব মেদিনীপুর
৩। সেক সাদেম, পিতা -আল্লাজুদ্দি
৪। সেক আসলাম, পিতা -সেক সাদেম
৫। সেক মহালাম, পিতা -সেক সাদেম
৬। সালেহা বিবি, স্বামী -সেক সাদেম
৭। সুলতানা বিবি, স্বামী -সেক মহালম
৮। খতেজা বিবি, স্বামী -সেক আল্লাজুদ্দি
সকলের সাং -নয়াবসান, পোঃ- রাতুলিয়া
থানা -পাঁশকুড়া, জেলা -পূর্ব মেদিনীপুর।

Received on 14/7/17 at 10-15 hrs and started Panskura PS Case no 366/17 dt- 14/7/17 u/s 447/448/324/325/427/380/354/506/34 IPC

OC Panskura PS
14/7/17

OFFICER IN CHARGE
PANSKURA P.S.
PURBA MEDINIPUR

সাক্ষীগনের নাম ও ঠিকানা ঃ-

১। জানেআলম খাঁন, পিতা- হোসেন খাঁন
২। সৈয়দ নজরুল মীর, পিতা -পীর মহম্মদ মীর
উভয়ের সাং -রাজহাটি, পোঃ- হাউর
থানা -পাঁশকুড়া, জেলা -পূর্ব মেদিনীপুর
৩। আরসেদ মীর, পিতা -মৃত লতিপ মীর
সাং-নয়াবসান, পোঃ- রাতুলিয়া
থানা -পাঁশকুড়া, জেলা -পূর্ব মেদিনীপুর।
ও আরো অনেকে।